



নিখোঁজ বৈষম্যবিরোধী নেতা মামুন পূর্বাচল থেকে অসুস্থ অবস্থায় উদ্ধার



সংগৃহীত ছবি

তুরাগ থানা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক যুগ্ম আহ্বায়ক ও জুলাই আন্দোলনের কর্মী মাওলানা মামুনের রশীদ নিখোঁজ হওয়ার পাঁচদিন পর পূর্বাচল থেকে উদ্ধার হয়েছেন। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর আগে তার সন্ধান দাবিতে পরিবার ও স্বজনরা মানববন্ধন করেন।

তুরাগ থানা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক যুগ্ম আহ্বায়ক ও জুলাই আন্দোলনের সক্রিয় কর্মী মাওলানা মামুনের রশীদ নিখোঁজ হওয়ার পাঁচদিন পর অবশেষে উদ্ধার হয়েছেন।

শুক্রবার (২৬ সেপ্টেম্বর) দুপুর ২টার দিকে রাজধানীর পূর্বাচলের ১ নম্বর সেক্টরের একটি মসজিদ থেকে তাকে অসুস্থ অবস্থায় উদ্ধার করে তুরাগ থানা পুলিশ।

তুরাগ থানার উপ-পরিদর্শক (এসআই) সাদিক রহমান জানান, স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে পূর্বাচল জামে মসজিদে পৌঁছায় পুলিশ। সেখান থেকে মামুনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করে দ্রুত কুয়েত মৈত্রীর হাসপাতালে ভর্তি করা হয়। এ সময় তার পরিবারকেও বিষয়টি জানানো হয়।

এর আগে, শুক্রবার দুপুরে রাজধানীর শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে নিখোঁজ মামুনের রশীদের সন্ধান দাবিতে মানববন্ধন করেন তার পরিবার ও স্বজনরা। বক্তারা আগামী ২৪ ঘণ্টার মধ্যে মামুনকে পরিবারের কাছে ফিরিয়ে দেওয়ার দাবি জানান।

মানববন্ধনে মামুনের স্ত্রী খাদিজা আবেগঘন কণ্ঠে বলেন, “পাঁচদিন ধরে আমার স্বামীকে পাচ্ছি না। সন্তানরা প্রতিনিয়ত বাবার খোঁজ করছে। আমি কোথায় গেলে তাদের বাবাকে ফিরে পাবো? আমাদের মাদরাসা বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। সরকারের কি এতটুকু সাধ্য নেই স্বামীকে ফিরিয়ে দেওয়ার?”

তিনি তার স্বামীর নিরাপদে ঘরে ফেরার জন্য প্রশাসনসহ সর্বমহলের সহযোগিতা চান। মানববন্ধনে অংশ নিয়ে মামুনের মা-বাবাও সন্তানের জীবিত ফেরার আকুতি জানান।